

অনলাইন ব্যবস্থায় ডাউনলোডকৃত সিআইবি রিপোর্ট

সিআইবি রিপোর্ট এর উদ্দেশ্য হচ্ছে কোন ঋণ খেলাপী যাতে ঋণ সুবিধা গ্রহণ না করতে পারে তা নিশ্চিত করা। ব্যাংক কোম্পানী আইন-১৯৯১(সংশোধিত) এর অনুচ্ছেদ নং-২৭কক(২) অনুসারে কোন খেলাপী ঋণগ্রহীতাকে ঋণ সুবিধা প্রদান করা যায় না। ব্যাংক কোম্পানী আইন-১৯৯১(সংশোধিত) এর ৫(গগ) নং অনুচ্ছেদে ঋণ খেলাপীর সংজ্ঞা উল্লেখ আছে।

অনলাইন ব্যবস্থায় গৃহীত সিআইবি রিপোর্টে রেফারেন্স তারিখের পূর্ববর্তী ১২ মাসের Credit History (১২ মাসের অবস্থা) অর্থাৎ—ভুক্ত থাকে। সিআইবি রিপোর্টে রেফারেন্স তারিখের পূর্ববর্তী ১২ মাসের মধ্যে আবেদনকৃত (Requested), বিদ্যমান (Living), সমন্বিত (Terminated /Terminated in Advance) ঋণ এবং উহার/উহাদের Classification Status উল্লেখ থাকে।

(১) অনলাইন ব্যবস্থায় ডাউনলোডকৃত সিআইবি রিপোর্ট এর নিম্নবর্ণিত মূল অংশ থাকে:

- (ক) ইনকোয়ারীর(সার্চিং এর) সময়,
 (খ) ডকুমেন্ট প্রস্তুতির (ডাউনলোডের) সময়,
 (গ) যার পাশওয়ার্ডে সার্চ করা হচ্ছে তার তথ্য,
 (ঘ) সিআইবি রিপোর্ট এর বিষয়ে বাংলাদেশ ব্যাংক এর সতর্কীকরণ
 (ঙ) Matched (সার্চকৃত তথ্য ডাটাবেজে রক্ষিত কোন ঋণগ্রহীতার তথ্যের সাথে ম্যাচ করলে 'Matched', ম্যাচ না করলে 'NO existing subject matched, new subject information added')
 (চ) Inquired (সার্চকৃত তথ্য অর্থাৎ ইনকোয়ারী ফরমে প্রদত্ত ঋণতথ্য কিংবা FI/CIB সাবজেক্ট কোড)
 (ছ) **LINKED:** ব্যক্তি বা প্রোপ্রাইটরী কনসার্ন সার্চ করা হলে ডাটাবেজের একই মালিকানাধীন কিংবা স্বার্থ সংর্ক-ষ্ট প্রোপ্রাইটরী কনসার্ন লিংকড অংশে প্রদর্শিত হবে। সার্চকৃত কোন কোম্পানীর পরিচালকগণ(ডাটাবেজ অনুসারে) Owners List এর নীচে পাওয়া যাবে। ব্যক্তির নামে সার্চ করা হলে তিনি যে সকল কোম্পানীর সাথে সংর্ক-ষ্ট সে সকল কোম্পানীগুলির তালিকা **Companies list** এর নীচে পাওয়া যাবে। প্রোপ্রাইটরী কনসার্ন এর মালিক যে সকল কোম্পানীর সাথে সংর্ক-ষ্ট তা মালিকের কোড সার্চ করে পাওয়া যাবে।

(জ) **Number of facilities and scores** এর ১০টি অংশ:-

- (১) Currency code:-Taka
 (২) Number of Living facilities: -বিগত ১২ মাসে গ্রাহক কতটি ঋণ গ্রহণ/আবেদন করেছেন
 (৩) Number of reporting Institutes:বিগত ১২ মাসে গ্রাহক কতটি ব্যাংক/এফআই ঋণ গ্রহণ/আবেদন করেছেন
 (৪) Total Outstanding Amount: সম্পূর্ণ রিপোর্টটিতে সকল অনাদায়ী ঋণের সমষ্টি।
 (৫) No. of Substandard contracts, amounts: রিপোর্টটিতে 'নিম্নমান' হিসাবে শ্রেণীকৃত ঋণের সমষ্টি।
 (৬) No. of Doubtful contracts, amounts: রিপোর্টটিতে 'সন্দেহজনক' হিসাবে শ্রেণীকৃত ঋণের সমষ্টি।
 (৭) No. of Bad/Loss contracts, amounts: রিপোর্টটিতে সকল 'ক্ষতি' হিসাবে শ্রেণীকৃত ঋণের সমষ্টি।
 (৮) No. of Bad/Loss Write-off contracts, amounts: রিপোর্টটিতে রাইট-অফকৃত ঋণের সমষ্টি।
 (৯) No. of SMA contracts, amounts: রিপোর্টটিতে SMA হিসাবে চিহ্নিত ঋণের সমষ্টি।
 (১০) No. of stay order contract: সম্পূর্ণ রিপোর্টটিতে সকল stay orderকৃত ঋণের সংখ্যা।

(ঝ) Summary of facilities:-

| Category | Type- | Requested | Refused | Renounced | Living | Terminated |
|-----------------|-------|-----------|---------|-----------|--------|------------|
| Instalments | | | | | | |
| Non instalments | | | | | | |
| Credit cards | | | | | | |

(ঞ) ইনস্টলমেন্ট ঋণের সামারী:

Amount of monthly instalments:
Amount of remaining instalments:
Amount of unpaid due instalments:

(চ) নন-ইনস্টলমেন্ট ঋণের সামারী:

Credit Limit :
Utilization :
Overdraft :

Matrix Box:

| A. Instalments Matrix Box: | B. Non-Instalments Matrix Box: | C. Credit Card Matrix Box |
|--|---|--|
| Ref 1 Role: Borrower Phase: Living Facility: Other instalment contract FI code: B02 Starting date: 26/12/2010 End date of contract: 06/01/2015 Total number of instalments: 49 Payments periodicity: Monthly instalments Reorganized credit: No Number of time(s) rescheduled: 0 Next due installment amount: 0 Monthly installment amount: 59184 Remaining instalments: Number:49 Amount:2600000 Unpaid due instalments Number:0 Amount:0 Maximum unpaid amount: 0 Maximum level of default: 0 Number of months with maximum level of default: Status/Debts Profile tatus/Debts Profile Year Month #NPI Status 2013 12 0 DF 2013 11 0 SS 2013 10 0 SS 2013 09 0 SS 2013 08 0 UC | Ref :1 Role: Borrower Phase: Living Facility: Cash Credit against Hypothecation FI code: B01 Starting date: 24/02/2011 End date of contract: 31/12/2011 Subsidized credit Y/N: No Pre-finance of loan Y/N: No Reorganized credit: No Guaranteed amount from guarantor:0 Personal guarantee amount: 0 Number of time(s) rescheduled:0 Number of days of payment delay:0 Amount Profile Year Month SancLmt Outstand GrnAmt Status Amount Profile Year Month SancLmt Outstand GrnAmt Status 2013 12 11051000 871592 22102000 DF 2013 11 11051000 12315158 22102000 UC 2013 10 11051000 12315158 22102000 UC 2013 09 11051000 12315158 22102000 UC 2013 08 11051000 11773574 22102000 UC 2013 07 11051000 11773574 22102000 UC 2013 06 11051000 11773574 22102000 UC | Role: Borrower Phase: Living Facility: Credit Card (Revolving) FI code: B03 Starting date: 08/03/2010 End date of contract: 28/02/2013 Method of payment: ADD Periodicity: M Credit limit: 200000 Type of instalment: V Monthly instalment amount: 77576 Residual amount: 193988 Previous method of payment: ADD Subsidized credit Y/N: No Pre-finance of loan Y/N: No Reorganized credit: No Number of time(s) rescheduled: 0 Maximum residual amount: 193988 Date of maximum residual amount: 31/07/2011 Unpaid due instalments Number:7 Amount:77576 Maximum level of default: 7 Number of months with maximum level of default:2 Amount charged in the month: 0 Maximum amount charged in the month: 0 Amount over the limit: 0 Worst status: S Number of days of payment delay: 120 Maximum unpaid amount: 77576 Date of classification: 31/07/2011 Use/Debts Profile Year Month Utilization #NPI Status 2013 07 0 7 SS 2013 06 0 7 SS |

Matrix Box এ রেফারেন্স তারিখে বিদ্যমান ঋণগুলির Phase: **Living**; রেফারেন্স তারিখে বা তার পূর্বে সমন্বিত ঋণগুলির Phase: **Terminated**; Expiry এর আগে সমন্বিত হলে Phase: **Terminated in Advance** .